

সংগ্রাম

তারিখঃ ১৯/১১/২০২৫ পৃষ্ঠাঃ০৭

ব্রিতে নবান্ন উৎসব

স্টাফ রিপোর্টার, গাজীপুর: নবান্ন ১৪৩২ উপলক্ষে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এ নবান্ন উৎসব উদযাপন করা হয়েছে। শনিবার (১৬ নভেম্বর) সকালে ব্রি ক্যাম্পাসে র্যালির মাধ্যমে উৎসবের সূচনা হয়। এরপর ধান কর্তন এবং ব্রি অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম। মিসেস ডিজি ফারজিয়া আহমেদ সিনিয়র।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ব্রি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও আরএফএসই (Rice Farming System Evaluation) বিভাগের প্রধান ড. মোঃ ইব্রাহিম হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে ড. মোহাম্মদ খালেদুজ্জামান বলেন, নবান্ন বাংলাদেশের কৃষি সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অংশ। নবধানের আনন্দ শুধু কৃষকের নয়, এটি আমাদের খাদ্য নিরাপত্তার মাইলফলক। ব্রি সর্বদা কৃষকদের পাশে ছিল, আছে এবং থাকবে।

বক্তারা বলেন, আধুনিক প্রযুক্তি ও ব্রি উদ্ভাবিত উন্নত ধানের জাতের কারণে দেশে ধান উৎপাদন অব্যাহতভাবে বৃদ্ধি পাচ্ছে। নবান্ন উৎসব শুধু নতুন ধানের আনন্দই নয়, এটি কৃষকদের পরিশ্রম ও সফলতার স্বীকৃতি।

র্যালি ও আলোচনা শেষে সকল অতিথি, কর্মকর্তা-কর্মচারী এবং আমন্ত্রিত অতিথিদের নবান্নের পায়ের পরিবেশন করা হয়। এ সময় ব্রি ক্যাম্পাসে উৎসবের আমেজ ও আনন্দমুখর পরিবেশ সৃষ্টি হয়।